

আল-হিজর | Al-Hijr | الْحَجْرُ

আয়াতঃ ১৫ : ৫৯

আরবি মূল আয়াত:

إِلَّا آلَ لُوطٍ ۗ إِنَّا لَمُنَجُّهُمْ أَجْمَعِينَ ﴿٥٩﴾

অনুবাদসমূহ:

‘লুতের পরিবার ছাড়া, আমরা নিশ্চয় তাদের সবাইকে রক্ষা করব’। — আল-বায়ান

তবে লুতের পরিবার বাদে, তাদের সবাইকে আমরা অবশ্যই রক্ষা করব। — তাইসিরুল

তবে লুতের পরিবারবর্গের বিরুদ্ধে নয়, আমরা অবশ্যই তাদের সকলকে রক্ষা করব। — মুজিবুর রহমান

Except the family of Lot; indeed, we will save them all — Sahih International

৫৯. তবে লুতের পরিবারের বিরুদ্ধে নয়(১), আমরা তো অবশ্যই তাদের সবাইকে রক্ষা করন,

(১) এখানে পরিবারবর্গ বলে লুত আলাইহিস সালাম, তার পরিবারের ঈমানদার ও তার অনুগামী, অনুসারী সকল মুমিনকেই বোঝানো হয়েছে। [ফাতহুল কাদীর] এর থেকে আরও বোঝা গেল যে, اهل শব্দটি থেকেও ব্যাপক।

তফসীরে জাকারিয়া

(৫৯) তবে লুতের পরিবারবর্গের বিরুদ্ধে নয়, আমরা অবশ্যই তাদের সকলকে রক্ষা করব।

-

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=1861>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন